আর নাই যে দেরি, নাই যে দেরি ।
সামনে সবার পড়ল ধরা
তুমি যে, ভাই, আমাদেরই ॥
হিমের বাহু-বাঁধন টুটি
পাগ্‌লা-ঝোরা পাবে ছুটি,
উত্তরে এই হাওয়া তোমার
বইবে উজান কুঞ্জ ঘেরি ॥
আর নাই যে দেরি, নাই যে দেরি ।
শুনছ না কি জলে স্থলে
জাদুকরের বাজল ভেরী ।
দেখছ না কি এই আলোকে
খেলছে হাসি রবির চোখে –
সাদা তোমার শ্যামল হবে,
ফিরব মোরা তাই যে হেরি ॥

---

Parjaay: Prakriti / Sheet, Taal: Dadra, Raag: Pilu

Visit www.geetabitan.com for notation and other detail